

নং: ৪৬.১০.০০০০.০০৬.০৪.২৭৩.২০- ৪৭


তারিখ: ০৪ আশ্বিন ১৪২৮  
২৯ সেপ্টেম্বর ২০২১

অফিস আদেশ

জনাব সালেহা বেগম (সাময়িক বরখাস্ত), উচ্চমান সহকারী কাম হিসাব রক্ষক ও উপ-কর কর্মকর্তা (চঃ দাঃ) হিসেবে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অঞ্চল-২ এ নিয়োজিত আছেন। তিনি বিগত ০১/০৯/২০১৮ খ্রি: তারিখ থেকে অদ্যাবধি প্রায় ০২ (দুই) বছরের বেশি সময় কর্তৃপক্ষের বিনা অনুমতিতে অভ্যাসগতভাবে নিজ কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। তিনি উক্ত অনুপস্থিতির বিষয়ে কোন ধরনের ছুটি মঞ্জুরীর জন্য আবেদন দাখিল করেননি এবং কর্তৃপক্ষের সাথে কোন প্রকার যোগাযোগ করেননি মর্মে অঞ্চল-২ হতে জানানো হয়েছে। তার এহেন কার্যকলাপ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্মচারী চাকরি বিধিমালা, ২০১৯ এর ৪৯ (ক) (খ) ও (গ) উপ-বিধি মোতাবেক দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নের শামিল এবং শাস্তিযোগ্য অপরাধ। সেমতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্মচারী চাকরি বিধিমালা, ২০১৯ এর ৪৯ (ক) (খ) ও (গ) উপ-বিধি মোতাবেক দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নের অভিযোগে অভিযুক্ত করে তার বিরুদ্ধে ২৭ ডিসেম্বর ২০২০ তারিখ ৪৬.১০.০০০০.০০৬.০৪.২৭৩.২০-৪৭ সংখ্যক স্মারকে বিভাগীয় মামলা নং-০৬/২০২০ রুজু করা হয়।

২.০ উক্ত বিভাগীয় মামলায় তার জবাবের প্রেক্ষিতে ব্যক্তিগত শুনানীয়তে মামলাটি তদন্ত করার জন্য গত ১৫ ফেব্রুয়ারি ২০২১ তারিখে ৪৬.১০.০০০০.০০৬.০৪.২৭৩.২০-১২ সংখ্যক স্মারকে জনাব তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, নির্বাহী ম্যাজিস্ট্রেট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন এবং আনুসঙ্গিক কাগজপত্র পর্যালোচনায় তাঁর সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারপূর্বক তার বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলা নং-০৬/২০২০ নিষ্পত্তি করা হলো। একইসাথে তাঁর অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০১/০৯/২০১৮ খ্রিঃ থেকে তাঁর অবসরের পূর্ব পর্যন্ত অর্থাৎ ১৪/০২/২০২১ খ্রিঃ পর্যন্ত বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হলো।

৩.০ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

  
মোঃ সেলিম রেজা  
প্রধান নির্বাহী কর্মকর্তা  
ফোন নং- ৪৮৮১১৩৩৩  
ceo@dncc.gov.bd  
০৬

অনুলিপি : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়ঃ)

১. প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-২, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো।
৬. কর কর্মকর্তা (পৌরকর), রাজস্ব শাখা, অঞ্চল-২, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৮. সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, অঞ্চল-২, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৯. সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১০. জনাব সালেহা বেগম (সাময়িক বরখাস্ত), উচ্চমান সহকারী কাম হিসাব রক্ষক ও উপ-কর কর্মকর্তা (চঃ দাঃ), অঞ্চল-২, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১১. অফিস কপি।